

যুগান্তর

প্রিন্ট: ১০ ডিসেম্বর ২০২৫, ১২:০৮ পিএম

শিক্ষান্তর

মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় সময় বাড়ল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৯ ডিসেম্বর ২০২৫, ০৭:১৮ পিএম



ছবি: সংগৃহীত

চলতি ১০২৫-২৬ শিক্ষাবর্ষের মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার সময় ১৫ মিনিট বাড়ানো হয়েছে। এ বছর ভর্তিচ্ছুরা পরীক্ষায় সময় পাবেন ১ ঘণ্টা ১৫ মিনিট। আগে এ সময় ছিল ১ ঘণ্টা।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-প্রধান তথ্য কর্মকর্তা মোহাম্মদ মাহমুদুল হাসানের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ১২ ডিসেম্বর সকাল ১০টায় দেশের ১৭টি কেন্দ্র ও ৪৯টি ভেন্যুতে হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের একটি স্বচ্ছ ব্যাগে রঙিন প্রবেশপত্র, কালো কালির স্বচ্ছ বলপয়েন্ট, কলম, এইচএসসি বা সমমান পরীক্ষার প্রবেশপত্র বা রেজিস্ট্রেশন কার্ড নিয়ে সকাল ৮টা থেকে সাড়ে ৯টার মধ্যে আবশ্যিকভাবে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

এর বাইরে কোনো ব্যাগ, মোবাইলফোন, ক্যালকুলেটরসহ যে কোনো ইলেকট্রনিকসামগ্রী, ঘড়িসহ অন্য কিছু নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। সকাল ৯টা ৩০ মিনিটে পরীক্ষা কেন্দ্রের প্রবেশপথ বন্ধ হয়ে যাবে।

এতে আরও বলা হয়, পরীক্ষার সময় গত বছরের তুলনায় ১৫ মিনিট বাড়িয়ে ১ ঘণ্টা ১৫ মিনিট করা হয়েছে। লিখিত ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর দেওয়ার জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

জানা গেছে, এ বছর সরকারি মেডিকেল কলেজে মোট আসন ৫ হাজার ৬৪৫ (এমবিবিএস ৫ হাজার ১০০, বিডিএস ৫৪৫)। আর বেসরকারিতে ৭ হাজার ৪০৬ (এমবিবিএস ৬, হাজার ১টি, বিডিএস ১ হাজার ৪০৫)। ফলে মোট এমবিবিএসে আসন ১১ হাজার ১০১ এবং বিডিএসে ১ হাজার ৯৫০টি।